

জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটির প্রথম সভার কার্যবিবরণী

৩ সেপ্টেম্বর ২০১৩/১৯ ভাদ্র ১৪২০ মঙ্গলবার, সকাল ১০:৩০ ঘটিকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত-এর সভাপতিত্বে বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ কক্ষে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত হল।

২। মন্ত্রিপরিষদ বিভাগের উপস্থাপনা:

জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের প্রথম সভায় গৃহীত সিদ্ধান্ত এবং সভায় অনুমোদিত কাঠামো ও কার্যপরিধি অনুসরণপূর্বক সকল মন্ত্রণালয়/বিভাগ এবং শুদ্ধাচার কৌশলে বর্ণিত সংস্থাসমূহে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে এবং কার্যপরিধি নির্ধারণ করা হয়েছে। কমিটির একজন সদস্যকে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। উপদেষ্টা পরিষদের প্রথম সভায় বৈদেশিক সাহায্যপুষ্ট বেসরকারি সংস্থার শুদ্ধাচার পরিবীক্ষণের জন্য এনজিও অ্যাফেয়ার্স ব্যুরো এবং অন্যান্য বেসরকারি সংস্থার জন্য সংশ্লিষ্ট নিবন্ধনকারী সংস্থাকে দায়িত্ব প্রদান করা হয়। এ পরিপ্রেক্ষিতে এনজিও বিষয়ক ব্যুরো জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কে জনঅবহিতকরণ এবং এ সংক্রান্ত করণীয় নির্ধারণের জন্য গত ৩০ এপ্রিল তিন শতাধিক এনজিওর অংশগ্রহণে একটি সেমিনারের আয়োজন করে। উক্ত সেমিনারে আলোচনা ও সুপারিশের আলোকে এনজিসমূহের মধ্যে শুদ্ধাচার বাস্তবায়ন এবং পরিবীক্ষণের জন্য গাইডলাইন প্রণয়নের কাজ চলমান আছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এনজিও বিষয়ক ব্যুরোর গাইডলাইন অনুসরণে নিজস্ব গাইডলাইন প্রণয়ন করবে। বেসরকারি খাতের শুদ্ধাচার পরিবীক্ষণের জন্য বাণিজ্য মন্ত্রণালয়কে দায়িত্ব প্রদান করা হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে যৌথ উদ্যোগে প্রাইভেট সেক্টরের প্রতিনিধিদের সমন্বয়ে মতবিনিময় সভার আয়োজন করেছে।

৩। উপদেষ্টা পরিষদের প্রথম সভায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অগ্রাধিকার বিবেচনায় The Bangladesh Law Officers Order, 1972 পর্যালোচনাপূর্বক সীমিত আকারে অ্যাটর্নি সার্ভিস চালু, ন্যায়পাল নিয়োগের লক্ষ্যে The Ombudsman Act, 1980 পরীক্ষা-নিরীক্ষা করা এবং সুপ্রীম কোর্টের বিচারক মনোনয়নের জন্য আইন/বিধিমালা/নীতিমালা প্রণয়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এবং আইন ও বিচার বিভাগে খসড়া প্রস্তাব/প্রতিবেদন/নীতিমালা প্রণয়নের কাজ চলমান রয়েছে। তথ্য মন্ত্রণালয়ের সহযোগিতায় জাতীয় শুদ্ধাচার কৌশল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মন্ত্রণালয়/বিভাগ, বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণের মাধ্যমেও জাতীয় শুদ্ধাচার কৌশল প্রচারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থার ফোকাল পয়েন্টদের নিয়ে দুটি ওয়ার্কশপ এবং টাঙ্গাইল জেলায় একটি জনঅবহিতকরণ সভার আয়োজন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশলের ওপর আরো কয়েকটি সভা/ওয়ার্কশপ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কয়েকটি মন্ত্রণালয়/বিভাগ এবং বিভাগীয় ও জেলা প্রশাসনের উদ্যোগে ইতোমধ্যে শুদ্ধাচার কৌশলের ওপর জনঅবহিতকরণ ও মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে।

৪। জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy-NIS)-এর চতুর্থ অধ্যায়ে এ কৌশল বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে 'জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট' গঠনের সুপারিশ রয়েছে। প্রশাসনিক সংস্কার ও বাস্তবায়ন অনুবিভাগের অতিরিক্ত সচিবের নেতৃত্বে মন্ত্রিপরিষদ সচিবের তত্ত্বাবধানে এ ইউনিট কাজ করবে। শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য এ ইউনিটে অতিরিক্ত জনবলের পদ সৃজনের প্রয়োজন হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় ও পরিবীক্ষণ, দক্ষতা উন্নয়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং নাগরিক সেবা প্রদান কার্যক্রম পরিবীক্ষণ এবং শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত গবেষণা পরিচালনা এ ইউনিটের কার্যপরিধির অন্তর্ভুক্ত হতে পারে।





